

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রবিধি অনুবিভাগ

প্রবিধি -৩ অধিশাখা

website: www.mof.gov.bd

২৪১

২০/১/১৬

নং-০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫-৩৪

১০/০২/১৪২৩বঙ্গাব্দ
তারিখঃ-----
২৪/০৫/২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে কাজের ধরন বিবেচনায় ইতঃপূর্বে যে সকল কার্যালয়ের জন্য কেইস টু কেইস ভিত্তিতে অর্থ বিভাগ কর্তৃক দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল সেসব কার্যালয়ের জন্য নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার পুনঃনির্ধারণ করা হলো :

ক্রঃ নং	দপ্তরের অবস্থান	দৈনিক মজুরির হার
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন	৫০০/- (পাঁচশত) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)
২।	বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন	৫০০/- (পাঁচশত) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)
৩।	জেলা ও উপজেলা এলাকা	৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা (নিয়মিত দক্ষ শ্রমিক) ৪০০/- (চারশত) টাকা (অনিয়মিত অদক্ষ শ্রমিক)

শর্তাবলি :

- ১। শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে ;
- ২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থার নিজস্ব বাজেট বরাদ্দ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে। এ খাতে অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না ;
উল্লিখিত দৈনিক মজুরির হারে মাসিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না ;
অর্থ বিভাগ কর্তৃক কেইস টু কেইস ভিত্তিতে ইতঃপূর্বে যেসব দপ্তরের বিপরীতে দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরির হার নির্ধারণ করা হয়েছিল এ পুনঃ নির্ধারিত হার শুধু সেসব দপ্তরের জন্য প্রযোজ্য হবে ;
এবিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে ;
এ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
এ হার আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

অর্থ বিভাগ
সচিব
৪
৫।
৬।
৭।
অর্থ বিভাগ (অ)
সচিব

২৪৬০
২০/৫/১৬
অর্থ বিভাগ
সচিব

শোলাম মোস্তোফা
উপ-সচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইলঃ gmostofa @ finance.gov.bd

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ~~অর্থ বিভাগ~~ মন্ত্রণালয়/বিভাগ (তৌর অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তর সমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। হিসাব মহানিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা (তৌর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিব, অর্থ বিভাগ মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তৌকে অফিস স্মারকটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অফিস কপি।

জেলা পরিষদ অধিশাখা
ডাইরী নং
তারিখ ২৭/৫